রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

**রবিবার, ফেব্রুয়ারি ১৮, ২০২৪**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়**

**নারী ও শিশুশ্রম শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ : ০১ মাঘ ১৪৩০/১৫ জানুয়ারি ২০২৪

নং-৪০.০০.০০০০.০২৪.২২.০২৩.১৮-০২—গত ০৫-০৬-২০১৮ তারিখে জাতীয় শিশুশ্রম নিরসন নীতি-২০১০ বাস্তবায়ন সম্পর্কিত জাতীয় কর্মপরিকল্পনার সংস্থান মোতাবেক বাংলাদেশের প্রতিটি উপজেলার জন্য সংশ্লিষ্ট মন্ত্রণালয়/সংস্থার প্রতিনিধিদের সমন্বয়ে নিম্নোক্তভাবে "উপজেলা শিশুশ্রম পরিবীক্ষণ কমিটি (UCLMC)" পুনর্গঠন করা হলো :

| | | |
|---|---|---|
| ১ | উপজেলা চেয়ারম্যান/পৌরসভা মেয়র | উপদেষ্টা |
| ২ | উপজেলা নির্বাহী অফিসার | সভাপতি |
| ৩ | উপজেলা স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কর্মকর্তা | সদস্য |
| ৪ | উপজেলা কৃষি কর্মকর্তা | সদস্য |
| ৫ | থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা | সদস্য |
| ৬ | উপজেলা সমাজসেবা কর্মকর্তা | সদস্য |
| ৭ | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা | সদস্য |
| ৮ | উপজেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা | সদস্য |
| ৯ | উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা | সদস্য |

| | | |
|---|---|---|
| ১০ | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা | সদস্য |
| ১১ | চেয়ারম্যান ইউনিয়ন পরিষদ (সকল) | সদস্য |
| ১২ | সভাপতি, উজেলা মাধ্যমিক স্কুল শিক্ষক সমিতি | সদস্য |
| ১৩ | সভাপতি, উপজেলা প্রাথমিক শিক্ষক সমিতি | সদস্য |
| ১৪ | সভাপতি, স্থানীয় চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রিজ | সদস্য |
| ১৫ | শ্রমিক সংগঠনের প্রতিনিধি (সভাপতি মনোনীত) | সদস্য |
| ১৬ | স্থানীয় সংসদ সদস্য কর্তৃক মনোনীত একজন প্রতিনিধি | সদস্য |
| ১৭ | শিশুশ্রম/শিশু অধিকার নিয়ে কাজ করে এমন ০১ জন এনজিও প্রতিনিধি (সভাপতি কর্তৃক মনোনীত) | সদস্য |
| ১৮ | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা | সদস্য-সচিব |

উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয় কমিটিকে সাচিবিক দায়িত্ব প্রদান করবে।

২। **কর্মপরিধি :**

(ক) কমিটি ০৩ (তিন) মাসে কমপক্ষে একবার অথবা প্রয়োজনে আরো কম বিরতিতে সভায় মিলিত হবে;

(খ) কমিটি জেলা পর্যায়ে শিশুশ্রম নিরসন সম্পর্কিত জাতীয় কর্মপরিকল্পনার বাস্তবায়নে সহায়তা, সমন্বয়, পরিবীক্ষণ  মূল্যায়ণ;

(গ) কমিটি শিশুশ্রম পরিস্থিতি তথ্য সংগ্রহ করে জেলা শিশুশ্রম পরিবীক্ষণ কমিটিতে নিয়মিত প্রতিবেদন প্রেরণ করবে;

(ঘ) কমিটি শিশুশ্রম নিরসনের লক্ষ্যে নীতি, কৌশল ও কর্মসূচি গ্রহণ এবং বাজেট বরাদ্দের লক্ষ্যে জেলা শিশুশ্রম পরিবীক্ষণ কমিটিতে নিয়মিত সুপারিশ প্রেরণ করবে;

(ঙ) শিশুশ্রম তথ্য-উপাত্ত সংগ্রহ ও ব্যবস্থাপনা;

(চ) কমিটি জেলা পর্যায়ে শিশুশ্রম নিরসন সংক্রান্ত কার্যক্রম বাস্তবায়নের প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের জন্য সরকারের নিকট সুপারিশ করবে।

৩। কমিটি প্রয়োজনবোধে সদস্য কো-অপ্ট করতে পারবে।

**খোন্দকার মোঃ নাজমুল হুদা শামিম**
সিনিয়র সহকারী সচিব।

মোঃ তাজিম-উর-রহমান, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ নজরুল ইসলাম, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,
ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd